

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১০৯-আইন/২০২৩/১৫৩/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ মোতাবেক ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৭-আইন/২০২১/১৬/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading 39.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "3903.30.90" এর পরিবর্তে H.S. Code "3903.30.00" প্রতিস্থাপিত হইবে;
- (২) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading 39.07 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code "3907.40.90" এর পরিবর্তে H.S. Code "3907.40.00" প্রতিস্থাপিত হইবে;

- (৩) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading 85.24 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত Heading এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

85.24	সংশ্লিষ্ট H.S. Code	Touch Panel for mobile phone, LCM, LCD, LED, OLED and AMOLED Display Assembly, Liquid Crystal Module
	8524.99.00	Incell LCM Assembly

- (৪) TABLE-4 এর কলাম (1) এ উল্লিখিত Heading 85.17 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত Heading এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

85.17	8517.79.00	Loaded Printed Circuit Board/ PCB Assembled/Mother Board for Cellular Phone
	8517.79.00	Sub-PCBA

- (৫) শর্ত (৬) এর পরিবর্তে নিম্নবর্ণিত শর্ত (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৬) প্রজ্ঞাপনের TABLE-ভুক্ত একাধিক যন্ত্রাংশ সংযোজিত অবস্থায় আমদানি করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, Touch Panel for Mobile Phone, LCM, LCD, LED, OLED and AMOLED Display Assembly, Liquid Crystal Module, Camera Module, Loaded Printed Circuit Board/PCB, Assembled/Mother Board for Cellular Phone, Cellular Phone Battery Charger, Lithium Ion Battery; Lithium Polymer Battery, Fingerprint, Vibrator, Speaker, Light Emitting Diodes (LED), Key; Keypad housing; Keypad Dome; Front Shell নামীয় পণ্যসমূহের সহিত FPC/Electric cable, driver IC, conductive fabric/tape, adhesive tape, adhesive foam, frame পণ্যসমূহ সংযুক্ত বা সংযোজিত অবস্থায় আমদানি করা যাইবে;” এবং

- (৬) দফা ৯ এ উল্লিখিত “৩০ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।